ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬৫৩
বিলোনীয়া, ৭ নভেম্বর, ২০২৫

**বিলোনীয়ায় বন্দেমাতরমের ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান**

সারা রাজ্যের সঙ্গে বিলোনীয়া মহকুমায়ও বন্দেমাতরম গানের ১৫০ বছর পূর্তি উপলক্ষে জেলাভিত্তিক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে অনুষ্ঠানের সূচনা করে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, বন্দেমাতরম গান দেশবাসীকে স্বাধীনতা সংগ্রামে অনুপ্রাণিত করেছে। এটি সাংস্কৃতিক চেতনার এক অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে। বন্দেমাতরম সংগীতের ১৫০ বছর উদযাপন আমাদের দেশের ঐক্য ও সংস্কৃতিকে আরও সুদৃঢ় করবে বলে সমবায় মন্ত্রী আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, সহকারি সভাধিপতি তপন দেবনাথ, জেলাশাসক ও সমাহর্তা মোহম্মদ সাজ্জাদ পি, বিলোনীয়া পুর পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, স্থানীয় শিল্পী সহ সমাজের বিভিন্ন অংশের জনগণ উপস্থিত ছিলেন এবং সমবেতভাবে বন্দেমাতরম সংগীত পরিবেশন করেন। এছাড়াও এই অনুষ্ঠান উপলক্ষে একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। অতিথিগণ অনুষ্ঠান শেষে প্রদর্শনীটি ঘুরে দেখেন। জেলা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এদিকে বন্দেমাতরম-এর ১৫০ বছর পূর্তির মহকুমা ভিত্তিক অনুষ্ঠানটি আয়োজিত হয় বিলোনীয়ার পুরাতন টাউন হলে। সেখানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমার, মহকুমা শাসক দেবাশিস দাস। এছাড়াও এদিন পুরপরিষদ ভিত্তিক এবং ব্লকভিত্তিক বন্দেমাতরম অনুষ্ঠানের আয়োজন করা হয়।

*******